হিজবুল্লাহর হামলায় ইসরাইলি কমান্ডারসহ নিহত ৪



ছবি: সংগৃহীত

দক্ষিণ লেবাননের কাফর তিবনিত এলাকায় হিজবুল্লাহর ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলায় ইসরাইলি সেনাবাহিনীর এক ব্যাটালিয়ন কমান্ডারসহ অন্তত ৪ সেনা নিহত হয়েছে। আরও কয়েকজন আহত হয়েছে বলে জানিয়েছে ইসরাইলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ)।

আইডিএফের তথ্য অনুযায়ী, নিহতদের মধ্যে রয়েছেন ৪০১তম আর্মার্ড ব্রিগেডের ৫২তম ব্যাটালিয়নের কমান্ডার লেফটেন্যান্ট কর্নেল ডোর গেদালিয়া বেন সিমহন। একই হামলায় তার ট্যাংকের আরও তিন ক্রু সদস্য প্রাণ হারান।

এর কয়েক ঘণ্টার মধ্যেই একই এলাকায় আরেকটি ড্রোন হামলায় ইসরাইলি কমান্ডো ইউনিটের কয়েকজন সদস্য আহত হন, যাদের মধ্যে একজন রিজার্ভ অফিসারের অবস্থা গুরুতর বলে জানানো হয়েছে।

ঘটনার পর ইসরাইলি বিমান বাহিনী দক্ষিণ লেবাননের নাবাতিয়েহ ও বেকা উপত্যকাসহ বিভিন্ন এলাকায় ব্যাপক পাল্টা হামলা চালায়। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এসব হামলায় অন্তত ১৮ জন নিহত এবং ৩০-এর বেশি মানুষ আহত হয়েছেন।

আইডিএফ দাবি করেছে, তারা হিজবুল্লাহর একাধিক লক্ষ্যবস্তুতে আঘাত করেছে, যার মধ্যে কমান্ড সেন্টার ও রকেট উৎক্ষেপণ ঘাঁটি রয়েছে। তবে লেবাননের পক্ষ থেকে জানানো হয়েছে, হামলায় বেসামরিক হতাহতের সংখ্যা বাড়ছে এবং উদ্ধারকাজ ব্যাহত হচ্ছে।

এদিকে নতুন এই সহিংসতার ঘটনায় মধ্যপ্রাচ্যের চলমান কূটনৈতিক পরিস্থিতিতে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে। বিভিন্ন আন্তর্জাতিক পক্ষ সংযম দেখানোর আহ্বান জানিয়েছে।